**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 15-08-2026**
**Time: 08:20-08:30 PM Hrs**
**BENGALI EVENING BULLETIN**

---

**Headlines :**

**(১) সারা দেশে আজ যথাযোগ্য মর্যাদায় আশিতম স্বাধীনতা দিবস উদযাপন করা হচ্ছে।**

**(২) প্রধানমন্ত্রী বলেছেন, বিকশিত ভারতের যাত্রায় যুবসমাজ গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে।**

**(৩) রাজ্যপাল  'বিকশিত ভারত' গড়ে তোলার লক্ষ্যে বিভিন্ন উদ্যোগে সক্রিয় অবদান রাখতে তরুণ প্রজন্মের প্রতি আহ্বান জানিয়েছেন।**

**(৪)  মুখ্যমন্ত্রী বলেছেন রাজ্য সরকার নাগরিকের আর্থিক সুযোগসুবিধা বৃদ্ধি ও সামগ্রিক মানোন্নয়নে বিশেষ গুরুত্ব দিয়ে কাজ করছে।**

*******************************************************

**Independent Day-PM:**

সারা দেশে আজ যথাযোগ্য মর্যাদায় আশিতম স্বাধীনতা দিবস উদযাপন করা হচ্ছে। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী দিল্লির ঐতিহাসিক লালকেল্লা থেকে স্বাধীনতা দিবস উদযাপনের নেতৃত্ব দেন। এই প্রথমবারের মতো লালকেল্লায় জাতীয় সঙ্গীত ‘বন্দে মাতরম’ পরিবেশন করা হয়। প্রধানমন্ত্রী জাতীয় পতাকা উত্তোলন করেন। জাতীয় সঙ্গীত গাওয়ার পর ২১ বার তোপধ্বনির সঙ্গে একযোগে জাতীয় পতাকা উত্তোলন করা হয় এবং ভারতীয় বিমানবাহিনীর দুইটি হেলিকপ্টার থেকে পুষ্পবৃষ্টি করা হয়।

৮০তম স্বাধীনতা দিবস উপলক্ষে লালকেল্লা থেকে জাতির উদ্দেশে ভাষণ দিতে গিয়ে প্রধানমন্ত্রী বলেছেন, গত বারো বছরে দেশের কোটি কোটি নাগরিক তাঁদের দৃঢ় সংকল্প ও নিষ্ঠার মাধ্যমে দেশকে নতুন উচ্চতায় নিয়ে যাওয়ার জন্য সম্ভাব্য সবরকম প্রচেষ্টা করেছেন। এর ফলে ২৫ কোটি মানুষ দারিদ্র্যসীমা থেকে বেরিয়ে এসেছেন। ভারত এখন বিশ্বের একটি প্রধান এবং দ্রুততম বর্ধনশীল অর্থনীতি হিসেবে আবির্ভূত হয়েছে। ভারত ২০৪৭ সালের মধ্যে একটি উন্নত রাষ্ট্র হওয়ার বড় লক্ষ্য নির্ধারণ করেছে।

শ্রী মোদী বলেন, বিকশিত ভারতের যাত্রায় যুবসমাজ গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে| বিকশিত ভারতের সুফল মূলত তারাই ভোগ করবে, তাই তরুণদের আকাঙ্ক্ষার সঙ্গে উন্নত ভারত গড়ার লক্ষ্যকে সামঞ্জস্য রেখেই এগিয়ে যেতে হবে।

স্বাধীনতা দিবসের ভাষণে দেশের যুবসমাজের জন্য বিনামূল্যে অনলাইন কোচিংয়ের ঘোষণা করলেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। তরুণ-তরুণীদের প্রতিযোগিতামূলক পরীক্ষা ও উচ্চশিক্ষার প্রস্তুতিতে আরও সুযোগ করে দিতেই এই উদ্যোগ বলে জানান তিনি।

মহিলাদের ক্ষমতায়ন প্রসঙ্গে প্রধানমন্ত্রী বলেন, দেশ এখন তিন কোটি 'লাখপতি দিদি'র লক্ষ্যমাত্রা অতিক্রম করেছে। এখন সরকার ছয় কোটি 'লাখপতি দিদি' তৈরির লক্ষ্য নিয়ে এগোচ্ছে| 'লাখপতি দিদি' গ্রামীণ অর্থনীতিতে এক বিশাল পরিবর্তনেরই ইঙ্গিত দেয়।

শ্রী মোদী আরও বলেন, সরকার আগামী দিনগুলিতে একটি প্রাণবন্ত 'নাগরিক সুরক্ষা' বা 'সিভিল ডিফেন্স' নেটওয়ার্ক গড়ে তুলবে।

প্রধানমন্ত্রী দেশের উন্নয়নের জন্য সাতটি গুরুত্বপূর্ণ ক্ষেত্রের কথা ঘোষণা করেছেন| তিনি এই সাতটি ক্ষেত্রকে ‘শক্তির সপ্তধারা’ আখ্যা দিয়েছেন। সেগুলি

হলো- উৎপাদন শিল্প, কৃষি ও খাদ্য প্রক্রিয়াকরণ, প্রযুক্তি ও উদ্ভাবন, গতিশক্তি, প্রতিরক্ষা শক্তি, সবুজ ও নীল অর্থনীতি এবং ভারতের সফট পাওয়ার। প্রধানমন্ত্রী বলেন, পারমাণবিক শক্তি হলো জ্বালানি নিরাপত্তার একটি অন্যতম প্রধান মাধ্যম।

######## Byte PM-Saptadhara ########

প্রধানমন্ত্রী বলেন, আত্মনির্ভরতাই ভারতকে বিকশিত হয়ে ওঠার পথে এগিয়ে নিয়ে যাবে। ভারতের আর অন্য কোনও দেশের ওপর নির্ভরশীল হয়ে থাকা উচিত নয়। ভারতকে তাঁর নিজের সক্ষমতা বাড়াতে হবে এবং নিজের স্বার্থ রক্ষা করতে হবে। এই সংকল্প নিয়ে আমরা 'আত্মনির্ভর ভারত'-এর পথে দৃঢ়ভাবে এগিয়ে চলেছি। প্রতিটি ভারতীয় 'মেক ইন ইন্ডিয়া', 'স্বদেশী' এবং 'লোকাল ফর ভোকাল'-এর মতো উদ্যোগগুলোর সাথে যুক্ত হচ্ছেন।"

######## Byte PM-Atmanirvor ########

**************************

**Independent Day-Governor:**

দেশের ৮০তম স্বাধীনতা দিবস উদযাপন উপলক্ষ্যে রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাল্লু আজ আগরতলায় মহাত্মা গান্ধীর মূর্তিতে, গান্ধী বেদীতে এবং অ্যালবার্ট এক্কা পার্কের শহীদ বেদীতে পুষ্পার্ঘ্য অর্পণ করে শ্রদ্ধা জানান।

রাজ্যপাল প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির দূরদর্শী ভাবনায় 'বিকশিত ভারত' গড়ে তোলার লক্ষ্যে গৃহীত বিভিন্ন উদ্যোগে সক্রিয়ভাবে অবদান রাখতে তরুণ প্রজন্মের প্রতি আহ্বান জানান। আজ রাজ্যপালের কর্মসূচিগুলিতে উপস্থিত ছিলেন কৃষিমন্ত্রী রতনলাল নাথ।

**************************

**Update Akashvani :**

এখবর শুনছেন, আকাশবাণী আগরতলা কেন্দ্র থেকে|

#######Sound Byte#######

আকাশবাণীর সংবাদের আপডেট পেতে লগ ইন করুন – ডব্লিউ. ডব্লিউ. ডব্লিউ ডট নিউজ অন এ আই আর ডট কম এবং নিউজ অন এ-আই-আর অ্যাপে৷ ফলো করুন - সোশ্যাল মিডিয়ায় ফেসবুক ও এক্স হ্যান্ডেল অল ইন্ডিয়া রেডিও নিউজ এবং ইনস্টাগ্রাম পেজ এ-আই-আর-নিউজ-এলার্টস। দেখুন অফিসিয়াল ইউটিউব চ্যানেল নিউজ-অন-এআইআর|

এছাড়াও আকাশবাণী আগরতলার সংবাদ আপডেট পেতে দেখুন এক্স হ্যান্ডেলে আকাশবাণী নিউজ আগরতলা / ফেসবুকে এ-আই-আর নিউজ আগরতলা এবং ইউটিউবে আকাশবাণী নিউজ আগরতলা|

**************************

**Independent Day-CM:**

সারা দেশের সঙ্গে আজ রাজ্যেও যথাযোগ্য মর্যাদায় দেশের ৮0 তম স্বাধীনতা দিবস উদযাপন করা হচ্ছে। রাজ্যের মূল অনুষ্ঠানটি হয় আগরতলার আসাম রাইফেলস ময়দানে। সেখানে আজ সকালে জাতীয় পতাকা উত্তোলন করেন ও বিভিন্ন বাহিনীর সমবেত কুচকাওয়াজ পরিদর্শন করেন মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা।

স্বাধীনতা দিবসে রাজ্যবাসীর উদ্দেশ্যে ভাষণ দিতে গিয়ে মুখ্যমন্ত্রী বলেছেন, এই বিশেষ দিনটি আমাদের আত্মনির্ভরশীল ও বিকশিত ভারত গড়ার সংকল্পের প্রতীক। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর নেতৃত্বে গত ১২ বছরে দেশে আর্থ সামাজিক ক্ষেত্রে উল্লেখযোগ্য উন্নতি হয়েছে।  মুখ্যমন্ত্রী আরও বলেন, প্রধানমন্ত্রীর সবকা সাথ, সবকা বিশ্বাস, সবকা প্রয়াস এই মূল মন্ত্রকে পাথেয় করে দেশ এক নতুন

আশা আকাঙ্ক্ষার ভারত হিসাবে এগিয়ে চলছে। তিনি বলেন, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর নেতৃত্বে গত ১২ বছরে দেশে আর্থ সামাজিক ক্ষেত্রে উল্লেখযোগ্য উন্নতি ঘটেছে।

দরিদ্র, কৃষক মহিলা ও যুবসম্প্রদায়ের কল্যানে এবং স্বশক্তিকরনে সারা দেশের সঙ্গে রাজ্যেও বিভিন্ন প্রকল্প সফলভাবে বাস্তবায়িত হচ্ছে। রাজ্য সরকার নাগরিকের আর্থিক সুযোগসুবিধা বৃদ্ধি ও সামগ্রিক মানোন্নয়নে বিশেষ গুরুত্ব দিয়ে কাজ করছে।

######### Byte CM #########

**************************

**Independent Day-State:**

পরিষদীয় মন্ত্রী রতন লাল নাথ সচিবালয়ে জাতীয় পতাকা উত্তোলন করেন|

জিরানীয়া মহকুমা ভিত্তিক স্বাধীনতা দিবসের মূল অনুষ্ঠান বীরেন্দ্রনগর স্কুল মাঠে অনুষ্ঠিত হয়। জাতীয় পতাকা উত্তোলন করেন পর্যটন মন্ত্রী সুশান্ত চৌধুরী||

স্বাধীনতা দিবসে ঊনকোটি জেলার মূল অনুষ্ঠানটি হয় কৈলাশহর কলেজ স্টেডিয়ামে। সমাজ কল্যাণ ও সমাজশিক্ষা মন্ত্রী টিংকু রায় জাতীয় পতাকা উত্তোলন করেন| উপস্থিত ছিলেন, বিধায়ক বীরজিৎ সিংহ, ঊনকোটি জিলা পরিষদের সভাধিপতি অমলেন্দু দাশ, জেলাশাসক মেঘা জৈন ও পুলিশ সুপার ঋষভ প্রমুখ।

সিপাহীজলা জেলার মূল অনুষ্ঠানটি হয় বিশ্রামগঞ্জ মিনি স্টেডিয়ামে। জাতীয় পতাকা উত্তোলন করেন জনজাতি কল্যাণ মন্ত্রী বিকাশ দেববর্মা||

স্পোর্টিং অ্যাসোসিয়েশন মাঠে সোনামুড়া মহকুমাভিত্তিক স্বাধীনতা দিবস উদযাপন অনুষ্ঠানে জাতীয় পতাকা উত্তোলন করেন উচ্চশিক্ষা মন্ত্রী কিশোর বর্মন৷ উপস্থিত ছিলেন সিপাহীজলা জেলার জিলা সভাধিনেত্রী সুপ্রিয়া দাস দত্ত, জেলাশাসক ডক্টর সির্দ্ধাথ শিব জয়সওয়াল প্রমুখ৷

খোয়াই জেলায় স্বাধীনতা দিবসের মূল অনুষ্ঠানটি হয় খোয়াই বিমানবন্দর মাঠে। জাতীয় পতাকা উত্তোলন করেন বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রী অনিমেষ দেববর্মা। উপস্থিত ছিলেন বিধায়ক নির্মল বিশ্বাস, জেলাশাসক রজত পান্থ, পুলিশ সুপার জগদীশ্বর রেড্ডি প্রমুখ|

গোমতী জেলাতেও যথাযোগ্য মর্যাদায় স্বাধীনতা দিবস উদযাপন করা হয়| জেলার মূল অনুষ্ঠানটি হয় উদয়পুরের নেতাজী সুভাষ মহাবিদ্যালয় প্রাঙ্গণে। জাতীয় পতাকা উত্তোলন করেন অর্থমন্ত্রী প্রণজিৎ সিংহ রায়।

স্বাধীনতা দিবসে দক্ষিন জেলাভিত্তিক মূল অনুষ্ঠানটি হয় বিলোনিয়ার বিদ্যাপীঠ মিনি স্টেডিয়ামে৷ জাতীয় পতাকা উত্তোলন করেন সমবায় মন্ত্রী শুক্লাচরন নোয়াতিয়া৷ উপস্থিত ছিলেন বিধায়ক দীপংকর সেন, অশোক কুমার মিত্র, স্বপ্না মজুমদার, দক্ষিণ জেলা পরিষদের সভাধিপতি দীপক দত্ত প্রমুখ৷

**************************

**Independent Day-ADC :**

এডিসি’র উদ্যোগে আজ স্বাধীনতা দিবসের মূল অনুষ্ঠানটি হয় খুমুলুং-এ খুম্পুই একাডেমী স্কুল মাঠে| সেখানে জাতীয় পতাকা উত্তোলন করেন এডিসি’র মুখ্য কার্যনির্বাহী সদস্য রুনিয়েল দেববর্মা| উপস্থিত ছিলেন প্রাক্তন মুখ্য কার্যনির্বাহী সদস্য পূর্ণচন্দ্র জমাতিয়া, এমডিসি রাজেশ্বর দেববর্মা সহ অন্যান্য কার্যনির্বাহী সদস্যগণ|

**************************

**Independent Day-Political Party:**

আগরতলায় বিজেপি প্রদেশ কার্যালয়ে আজ যথাযথ মর্যাদায় স্বাধীনতা দিবস উদযাপন করা হয়। জাতীয় পতাকা উত্তোলন করেন প্রদেশ বিজেপি সভাপতি অভিষেক দেবরায়। উপস্থিত ছিলেন মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা ও অন্যান্য নেতৃবৃন্দ।

আগরতলায় সি.পি.আই.এম রাজ্য কার্যালয়ে স্বাধীনতা দিবস উদযাপন অনুষ্ঠানে উপস্থিত ছিলেন বিরোধী দলনেতা জিতেন চৌধুরী সহ সি.পি.আই.এম-এর অন্যান্য নেতৃবৃন্দ।

আগরতলায় কংগ্রেস ভবনে প্রদেশ কংগ্রেসের উদ্যোগে স্বাধীনতা দিবস উদযাপন করা হয়। স্বাধীনতা সংগ্রামীদের প্রতিকৃতিতে পুষ্পার্ঘ্য অর্পণ করে শ্রদ্ধা নিবেদন করেন বিধায়ক সুদীপ রায় বর্মন, প্রদেশ কংগ্রেস সভাপতি আশীষ কুমার সাহা সহ অন্যান্য নেতৃবৃন্দ।

*************************

**Weather:**

আগামী ২৪ ঘন্টায় রাজ্যের সবকটি জেলায় বজ্রবিদ্যুৎ সহ বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে বলে জানিয়েছে আবহাওয়া দপ্তর। আগামীকাল আগরতলায় দিনের সর্বোচ্চ তাপমাত্রা ৩৫ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৬ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকতে পারে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ৩৫.২ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৫.৬ ডিগ্রি সেলসিয়াস।

*************************

*************************